

এই শিকল-পরা ছল মোদের এ শিকল-পরা ছল।  
এই শিকল পরেই শিকল তোদের করব রে বিকল ॥  
তোদের বন্ধ কারায় আসা মোদের বন্দী হতে নয়,  
ওরে ক্ষয় করতে আসা মোদের সবার ঝাঁধন-ভয়।  
এই ঝাঁধন পরেই ঝাঁধন-ভয়কে করব মোরা জয়,  
এই শিকল-ঝাঁধা পা নয় এ শিকল-ভাঙা কল ॥  
তোমার বন্ধ ঘরের বন্ধনীতে করছো বিশ্ব গ্রাস,  
আর ত্রাস দেখিয়েই করবে ভাবছো বিধির শক্তি ত্রাস!  
সেই ভয়-দেখানো ভুতের মোরা করব সর্বনাশ,  
এবার আনব মাইভে-বিজয়-মন্ত্র বলহীনের বল ॥  
তোমরা ভয় দেখিয়ে করছো শাসন, জয় দেখিয়ে নয়,  
সেই ভয়ের টুটিই ধরবো টিপে, করব তারে লয়,  
মোরা আপনি মরে মরার দেশে আনবো বরাভয়,  
মোরা ফাঁসি পরে আনবো হাসি মৃত্যু-জয়ের ফল ॥  
ওরে ক্রন্দন নয় বন্ধন এই শিকল-ঝাংঝাংনা,  
এ যে মুক্তি-পথের অগ্রদূতের চরন-বন্দনা!  
এই লাঞ্ছিতেরই অত্যাচারকে হানছে লাঞ্ছনা,  
সেই অস্থি দিয়েই স্বলবে দেশে আবার বজ্রানল ॥